

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭০০ ০০৭

ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সার্কুলার - ২/২০২৩

তারিখ ২৮-০২-২০২৩

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি


-----কলেজ/বিশ্ববিদ্যালয়

সার্থী,

সমিতি-র ৯৪তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্য বকেয়া ডি.এ.-র দাবিতে সমিতির আহ্বানে সাড়া দিয়ে গত ১৭ ফেব্রুয়ারি, ২০২৩ শুক্রবার আপনারা যে ভাবে সারা রাজ্যে ব্যাজ পরে অর্ধদিবস কর্মবিরতি পালনের পাশাপাশি বকেয়া ডি. এ.-র নায্য দাবিতে গত ২০-২১ ফেব্রুয়ারি, ২০২৩ বিভিন্ন সংগঠনের কর্মবিরতি কর্মসূচির প্রতি সহমর্মিতা জ্ঞাপন করে দাবি ব্যাজ পরে সারা রাজ্যে আপনারা যে ভাবে দাবি দিবস পালন করেছেন, সমিতির পক্ষ থেকে সেই জন্য আপনাদের সকলকে সংগ্রামী অভিনন্দন জানাই।

আপনারা সকলেই অবগত আছেন, দীর্ঘ কয়েক বছর যাবৎ সরকারি কর্মী এবং শিক্ষকদের ডি.এ. প্রদানের ক্ষেত্রে রাজ্য সরকার যে স্বৈরাচারী মনোভাব ব্যক্ত করে চলেছে তা এক কথায় অমানবিক। স্বাধীনতা-উত্তর ভারতে রাজ্য সরকারের এই নজিরবিহীন সিদ্ধান্তের প্রতিবাদে বিভিন্ন সরকারি কর্মী সংগঠন ন্যায় বিচারের প্রত্যাশায় মহামান্য বিচারালয়ের শরণাপন্ন হয়েছে। বিচার ব্যবস্থার পাশাপাশি হকের পাওনা আদায়ের লক্ষ্যে বিভিন্ন কর্মী সংগঠন আগামী ১০ মার্চ, ২০২৩ শুক্রবার সারা রাজ্যে যে ধর্মঘটের ডাক দিয়েছে সেই কর্মসূচির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ওই দিন অর্ধ-দিবস কর্মবিরতি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সদস্যবন্ধুদের অনুরোধ আপনারা বিভিন্ন সংগঠনের ঘোষিত কর্মসূচির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে ওই দিন দাবি ব্যাজ পরে অর্ধদিবস কর্মবিরতি পালন করুন। পরীক্ষা এবং অত্যাবশ্যকীয় ক্ষেত্রে সদস্যবন্ধুদের দাবি ব্যাজ পরে নির্দিষ্ট দায়িত্ব পালনের অনুরোধ জানাই।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪